

মালদ্বীপে বাংলাদেশিদের সতর্ক থাকার নির্দেশ দূতাবাসের

- A Monitor Desk Report

Date: 08 October, 2025



ঢাকাঃ মালদ্বীপে অবস্থানরত বাংলাদেশিদের রাজনৈতিক সমাবেশ ও মিছিলে যোগ না দেওয়ার আহ্বান জানিয়েছে বাংলাদেশ দূতাবাস।

মঙ্গলবার (৭ অক্টোবর) এক বার্তায় বাংলাদেশ দূতাবাস এ আহ্বান জানায়।

এতে বলা হয়, মালদ্বীপে অবস্থানরত বাংলাদেশিদের জন্য কোনো রাজনৈতিক সমাবেশ, মিছিল বা আন্দোলনে অংশগ্রহণ বা উপস্থিত থাকা সম্পূর্ণ নিষিদ্ধ। এ ধরনের কার্যকলাপে জড়িত হলে গ্রেপ্তার, জরিমানা বা দেশান্তর (ডিপোর্টেশন) হতে পারে।

অতএব, কোনো রাজনৈতিক কার্যক্রমে অংশ নেবেন না এবং সেসব স্থানের কাছাকাছি যাবেন না। আপনার কাজের ওপর মনোযোগ রাখুন এবং স্থানীয় আইন-কানুন মেনে চলুন।

আপনার নিরাপত্তা ও নিয়ম পালন বাংলাদেশ হাইকমিশনের জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

-B